

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি,  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নম্বর ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৩৮

তারিখ ৫ আশ্বিন ১৪২৭  
২০ সেপ্টেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (২০২০-২১) সভা আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (২০২০-২১) সভা আগামী ২১ সেপ্টেম্বর ২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে তাঁরই অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

২। বর্ণিত তারিখ ও সময়ে কমিটির সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০-৯-২০২০

মোঃ আলী আকবর  
সহকারী পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (২০২০-২১) সভার কার্যবিবরণী

সভাপতি	ফরিদ আহমদ ভূঁইয়া মহাপরিচালক
সভার তারিখ	২১/০৯/২০২০ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিতি	১. জনাব মোঃ সুজায়েত উল্যা, পরিচালক (আরকাইভস) ও সদস্য, নৈতিকতা কমিটি; ২. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার ও সদস্য, নৈতিকতা কমিটি; ৩. জনাব তাহমিনা আক্তার, উপপরিচালক (আ.), চ.দা. ও সদস্য, নৈতিকতা কমিটি; ৪. জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, চ.দা.; ৫। জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি।

**আলোচনা :** কমিটির সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কে জানতে চান। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রোগ্রামার জনাব মোঃ হারিছ সরকার বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপভাবে তুলে ধরেন-

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	বাস্তবায়ন অগ্রগতি
১.	করোনাভাইরাস (কোভিড-১৯) মহামারী সময়কালে সরকারি নির্দেশনা মোতাবেক কোন কর্মকর্তা ও কর্মচারী কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।	প্রশাসন শাখা	বাস্তবায়িত
২.	সরকারের নির্দেশনা এবং অনুশাসনমালার আলোকে কোভিড-১৯ মহামারী কালে অফিস চলাকালে সকল কর্মকর্তা এবং কর্মচারীর ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে।	প্রশাসন শাখা	বাস্তবায়িত
৩.	দাপ্তরিক দায়িত্ব পালনে সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতা অবলম্বন এবং নিরাপত্তা সচেতনতাসহ প্রাতিষ্ঠানিক বিধিবিধান মেনে চলতে হবে।	সকল কর্মকর্তা ও কর্মচারী	বাস্তবায়িত
৪.	স্ট্যাকব্লক নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। কোন রেকর্ড যাতে উইপোকা বা অন্য কোন পোকামাকড়ে আক্রান্ত না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। ঝড়বৃষ্টির সময়ে জানালার ফাক দিয়ে স্ট্যাকে যাতে কোনভাবেই পানি এবং ধূলাবালি প্রবেশ করতে না পারে সেবিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। সর্বোপরি রেকর্ডের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	গবেষণা কর্মকর্তা	বাস্তবায়িত
৫.	বিধি বিধান মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে সেবাগ্রহীতাদের সেবা প্রদান করতে হবে। সেবাগ্রহীতাদের সেবা প্রদানের পূর্বে সাবান ও পানি দিয়ে হাত ধোয়া বা স্যানিটাইজার ব্যবহার করা, হ্যাণ্ড গ্লাভস, মাস্ক পরিধান করা এবং সামাজিক দূরত্বের বিষয়টি নিশ্চিত করতে হবে।	গবেষণা কর্মকর্তা	বাস্তবায়িত

৬.	ভবনের প্রবেশপথে ব্লিচিং পাউডার পানিতে গুলিয়ে রাখতে হবে। ব্লিচিং পাউডার মিশ্রিত পানিতে পা ভিজিয়ে জীবানুমুক্ত করে ভবনে প্রবেশ করতে হবে।	প্রশাসন শাখা	বাস্তবায়িত
৭.	সরকারি ক্রয়ে আর্থিক বিধিবিধান প্রতিপালন নিশ্চিত করতে হবে।	ডিডিও	বাস্তবায়িত
৮.	অফিসের আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	প্রশাসন শাখা	বাস্তবায়িত
৯.	অফিসের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে আনসার কমান্ডার ও নিরাপত্তা কর্মীদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে।	প্রশাসন শাখা	বাস্তবায়িত

অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন।


সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সুশাসন ও চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। যার মাধ্যমে নৈতিকতার ভিত্তি মজবুত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে তিনি সেবাপ্রদান গাইডলাইন, রেকর্ড সংরক্ষণ, বই ব্যবস্থাপনা, স্টোর ব্যবস্থাপনার বিষয়গুলো অন্তর্ভুক্ত করার নির্দেশনা দেন। তিনি আরও বলেন যে, এই গাইডলাইনসমূহে সরকারি অর্থ ও সম্পদের সাশ্রয়ী ব্যবহারের নির্দেশনা থাকবে যা সকলের নৈতিকতার মান বৃদ্ধি করবে। তিনি অধিদপ্তরের বিভিন্ন শাখা/অধিশাখা পরিদর্শনের উপর গুরুত্বরূপ করেন। করোনাভাইরাস প্রতিরোধে অধিদপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্নতার উপর জোর দেন। এবিষয়ে অধিদপ্তরের মাইক্রোফিল্ম অফিসার জনাব মোঃ মিজানুর রহমান নিয়মিত প্রতি ত্রৈমাসিকে একটি প্রতিবেদন দাখিল করবেন। এছাড়া তাকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটিতে অন্তর্ভুক্ত করার নির্দেশনা দেন।

বিস্তারিত আলোচনাস্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত :**

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	বাস্তবায়ন অগ্রগতি
১.	জাতীয় আরকাইভসের জন্য একটি সেবাপ্রদান গাইডলাইন তৈরি করতে হবে।	উপপরিচালক (আরকাইভস)	
২.	জাতীয় গ্রন্থাগারের জন্য একটি সেবাপ্রদান গাইডলাইন তৈরি করতে হবে।	চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক	
৩.	জাতীয় আরকাইভসের জন্য রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত একটি গাইডলাইন তৈরি করতে হবে।	উপপরিচালক (আরকাইভস)	
৪.	জাতীয় গ্রন্থাগারের জন্য বই ব্যবস্থাপনা সংক্রান্ত একটি গাইডলাইন তৈরি করতে হবে।	চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক	
৫.	স্টোর ব্যবস্থাপনা সংক্রান্ত গাইডলাইন তৈরি করতে হবে।	প্রোগ্রামার	
৬.	সেবাপ্রদান গাইডলাইন, রেকর্ড সংরক্ষণ, বই ব্যবস্থাপনা এবং স্টোর ব্যবস্থাপনা গাইডলাইন বিষয়ে সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে প্রশিক্ষণ প্রোগ্রাম অনুষ্ঠিত হবে।	উপপরিচালক (আরকাইভস)	
৭.	আগামী সপ্তাহে মহাপরিচালক জাতীয় গ্রন্থাগারের একটি শাখা এবং পরিচালক জাতীয় আরকাইভসের একটি শাখা পরিদর্শন করবেন।	মহাপরিচালক/পরিচালক	
৮.	অধিদপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম বিষয়ে মাইক্রোফিল্ম অফিসার জনাব মোঃ মিজানুর রহমান প্রতি ত্রৈমাসিক অন্তর প্রতিবেদন দাখিল করবেন।	মাইক্রোফিল্ম অফিসার	
৯.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটিতে মাইক্রোফিল্ম অফিসার জনাব মিজানুর রহমানকে কো-অপ্ট করতে হবে।	সদস্যসচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি	

সভায় আর কোনও আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
ফরিদ আহমদ ভূঁইয়া  
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৪১

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭  
২৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (আরকাইভস), পরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৩) উপপরিচালক (আরকাইভস) (চলতি দায়িত্ব), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সংশ্লিষ্ট নথি।

  
মোঃ আলী আকবর  
সহকারী পরিচালক